

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৯৭

পর্ব-১৩: বিবাহ (১১১)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - (স্বামী-স্ত্রীর) সহবাস

আরবী

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَن يعْزِل عَن الْحرَّة إِلَّا بإِذْنِهَا. رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

৩১৯৭-[১৫] 'উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম স্বাধীনা রমণীর সম্মতি ব্যতীত তার সাথে 'আযল করতে নিষেধ করেছেন। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: ইবনু মাজাহ ১৯২৮, ইরওয়া ২০০৭, আহমাদ ২১২। কারণ এর সনদে 'আবদুল্লাহ বিন লাহী'আহ্ স্মৃতিশক্তিগত ত্রুটিজনিত কারণে একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: স্বাধীনা নারীর সাথে 'আযল করতে তার অনুমতি প্রয়োজন, কেননা যৌন কর্মের পূর্ণ আনন্দ তার উপভোগ্য হক, অথবা সন্তান ধারণের মাধ্যমে মাতৃত্বের সম্মান উপভোগ করা তার নারীত্বের দাবী। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বাধীনা নারীর অনুমতি ব্যতিরেকে 'আযল করতে নিষেধ করেছন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন